# ক্যামব্রিজ

# IELTS 13

**(Academic) Passage-এর**

## ব্যতিক্রমী ব্যাখ্যাসহ যুগান্তকারী সমাধান

Recent Bazar

**Saifur Rahman Khan**

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
**Top Scorer** (740 > 99%) in **GMAT**

**Edition** ➢ **2025**

**Published By** ➢ **S@ifur's Publication**

**Copyright ©** ➢ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোন অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয় ]

## Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

**YouTube চ্যানেল :**
www.youtube.com/saifursofficial

S@ifur's-**এর বই পেতে :**
01713 43 20 15; 01613 43 20 16;
**(10 am 5 pm)**

English **ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :**
www.saifursbooks.com

Recent Bazar

**ISBN Number**: 978-984-99280-8-9

**Compose & Design**
Md. Al-Mamun Ferdous

***Price: Tk. 200 Fixed; US $ 8 only***

# Table of Contents

## Test-1


**Passage # 01 :** Case Study: Tourism New Zealand website .................. 01

**Passage # 02 :** Why being bored is stimulating – and useful, too ................ 13

**Passage # 03 :** Artificial artists ........................................................ 30


## Test-2


**Passage # 01 :** Bringing cinnamon to Europe ...................................... 49

**Passage # 02 :** Oxytocin ....................................................................... 59

**Passage # 03 :** Making the Most of Trends ........................................... 72


## Test-3


**Passage # 01 :** The coconut palm .......................................................... 91

**Passage # 02 :** How baby talk gives infant brains a boost ..................... 101

**Passage # 03 :** Whatever happened to the Harappan Civilisation? ....... 114


## Test-4


**Passage # 01 :** Cutty Sark: the fastest sailing ship of all time ................ 131

**Passage # 02 :** SAVING THE SOIL .......................................................... 144

**Passage # 03 :** Book Review ............................................................... 158


Recent Bazar

## এই বই থেকে

## তুমি সবচেয়ে বেশি **benefitted** হবে,

যদি তুমি নিচের ৩-টি কাজ করো:

১। Test-এর ব্যাখ্যা পড়ার আগে actual পরীক্ষার মতো ঘড়িতে সময় ধরে কেম্ব্রিজ IELTS 13-এর প্রশ্নব্যাঙ্ক বইয়ের Reading solve করে Answer-গুলো লিখো।

২। এর পরে **Cambridge-13**-এর শেষে দেয়া answer-গুলো মিলিয়ে নিজেকে marking করো।

৩। এর পর পরের পৃষ্ঠা থেকে লেখা ব্যাখ্যাগুলো পড়া শুরু করো।

এভাবে প্রতিটি Test-এ একই কাজ repeat করো।

প্রথমে নিজে solve না করে

আগেই উত্তর দেখে ফেললে যেমন বেশি লাভ হয় না,

তেমনি এই ব্যাখ্যাটা আগেই পড়ে ফেললে

**তোমার দুর্বলতাগুলো তুমি ধরতে পারবে না।**

**ফলে ঐ ধরনের ভুলগুলো তুমি real exam-এ আবার করবে।**

তাই আগে test-টা **টেস্টের মতো করে দাও,**

তারপর নিজেকে ***marking*** করো, পরে ব্যাখ্যা পড়ো।

আল্লাহ হাফেজ

Saifur Rahman Khan

Recent Bazar

# Test-1

> তোমার হাতে কেম্ব্রিজ **IELTS 13** বইটা থাকতে হবে।

## প্যাসেজ # 01

**Step - 01**

Passage-এর নাম পড়লাম:

### Case Study: *Tourism New Zealand* website

তার মানে, এই প্যাসেজে New Zealand-এর পর্যটন website সম্পর্কে আলোচনা থাকবে।
প্রথমে passage পড়লে সময় নষ্ট হবে, কিছুই মনে থাকবে না
সরাসরি প্রশ্নে গিয়ে Question **1 – 7**-এ পেলাম: Choose **ONE WORD ONLY** ধরনের প্রশ্ন।
এগুলোর উত্তর পর পর কাছাকাছি থাকে। তাই এগুলো প্রথমে solve করবো।

**Step - 02**

দ্রুত চোখ বুলিয়ে একদম নিচে দুটো নাম পেলাম: Travel Planner এবং 'Your Words'।
T, P, Y এবং W বড় অক্ষরে হওয়াতে এগুলো হলো proper noun
তথা কিছুর নাম যেগুলো passage-এ বের করা সহজ।

প্রতিটা para-র নিচে থেকে উপরের দিকে ও
ডান থেকে বাম দিকে তেরছাভাবে খুঁজতে খুঁজতে 4th para-তে পেলাম Travel Planner।
ঐ para-তেই last line-এর আগের লাইনে পেলাম **'Your Words'**।
বাক্যটি এবার মন দিয়ে পড়লাম:

The website also had a 'Your Words' section where anyone <u>could submit</u> <u>a blog</u> of their New Zealand travels for possible inclusion on the website.

**Step - 03**

Question **7**-এর বাক্যটা মন দিয়ে পড়া যাক:

travellers <u>could send a link</u> to their **7** ______

(= ভ্রমণকারীরা পাঠাতে পারে একটা লিঙ্ক তাদের ______-এর)

বোঝাই যাচ্ছে **7**-এর উত্তর হবে: ***blog***।

Recent Bazar

**Step - 04**

Question **6** পড়লাম:

| | |
|---|---|
| **Travel Planner** | • included a map showing selected places, details of public transport and local **6** .................... |

Passage-এ ফেরত যেয়ে 4th para-র শুরুতেই পেলাম **Travel Planner**।

ঐ প্যারার শুরু থেকে মন দিয়ে পড়ে পেলাম:

a Travel Planner feature was added, ......... view the results on a map. The Travel Planner offered ..... public transport options between the chosen locations. There were also links to accommodation in the area. (তার মানে, Travel Planner-এর map দেখে visitor-রা পছন্দের এলাকা, transport এবং accommodation সম্পর্কেও জানতে পারতো।)

বোঝাই যাচ্ছে, **6**-এর উত্তর: ***accommodation*** (অ্যাকোমো-ডেই্শন্ = থাকার জায়গা)।

**Step - 05**

এবার Question **5** পড়া যাক:

Information on driving routes: varied depending on the **5** ________
(= _____ এর উপর ভিত্তি করে driving routes-গুলো ভিন্ন ভিন্ন হয়।)

# **6**-এর উত্তর যেখানে ছিলো, # **5**-এর উত্তর passage-এ সেই জায়গার আগেই থাকবে।
3rd para-র শেষ থেকে চোখ বুলিয়ে *driving routes* শব্দগুচ্ছ খুঁজতে খুঁজতে last line-এর আগের লাইনে *driving routes* খুঁজে পেলাম।

**passage-এর বাক্যটা মন দিয়ে পড়লাম:**

... the site catalogued the most popular driving routes in the country, highlighting different routes according to the season and indicating distances and times.

তার মানে, *season* বা ঋতু অনুযায়ী *driving routes*-গুলো ভিন্ন ভিন্ন হয়।

অতএব, **5**-এর উত্তর: ***season***।

Recent Bazar

**Step - 06**

এখন Question **3** এবং **4** মন দিয়ে পড়লাম:

| | |
|---|---|
| Special features on local topics | • e.g. an interview with a former sports **3** _________ and an interactive tour of various locations (*which are*) used in **4** __________ |

প্যাসেজে গিয়ে **5**-এর উত্তর যেখানে ছিলো, তার উপরের দিকে চোখ বুলিয়ে 3rd para-র শুরুতে পেলাম:

an interview with former New Zealand All Blacks rugby captain Tana Umaga.

**পরের দুই লাইন মন দিয়ে পড়ে পেলাম:**

**Q** Another feature ... was an interactive journey through a number of the locations (*which were*) chosen for blockbuster films which had made use of New Zealand's stunning scenery as a backdrop.

**শব্দের অর্থ**

**Backdrop**: A large piece of cloth with buildings, countryside, etc. painted on it, hung at the back of a stage during a performence.

**blockbuster films** = অত্যন্ত ব্যবসাসফল সিনেমা।

**দেখো**

বোঝাই যাচ্ছে, উত্তর হবে যথাক্রমে **3 *captain*** এবং **4 *films***।

**উপরের বাক্যটা আমি সাইফুর স্যার উদাহরণের মাধ্যমে বুঝিয়ে দিচ্ছি।**

একটি বিখ্যাত জনপ্রিয় English সিনেমার নাম হলো The Last Samurai। জাপানে যোদ্ধাদেরকে Samurai বলে। ঐ সিনেমাটা জাপানের কোনো একটি ঘটনা নিয়ে। কিন্তু সিনেমাটির শুটিং হয় বা চিত্রায়িত হয় নিউজিল্যান্ডে। ইউরোপ, আমেরিকা থেকে নিউজিল্যান্ডে আসা পর্যটকদের বেশিরভাগের কাছে এই সিনেমাটা পরিচিত। কেননা তারা এই সিনেমাটা দেশে থাকতে আগেই দেখেছে।

নিউজিল্যান্ডে আসার পর তাদেরকে বলা হয় নিউজিল্যান্ডের অমুক location-এ *The Last Samurai* শুটিং হয়েছিলো। এটা জানার পর পর্যটকদের আগ্রহ হয় নিউজিল্যান্ডের যেসব জায়গায় বিখ্যাত বিখ্যাত সিনেমার শুটিং হয়েছিলো, সেসব জায়গা দেখার। এর দ্বারা নিউজিল্যান্ড সরকারের পর্যটন খাতে আয় বেড়ে যায়। তার মানে, backdrop হিসেবে নিউজিল্যান্ডের চমৎকার scenery কাজে লাগানোর জন্য বিভিন্ন blockbuster সিনেমার শুটিং হয়েছিলো নিউজিল্যান্ডের বিভিন্ন এলাকায়।

Recent Bazar

## Step - 7

এবার Question **1** মন দিয়ে পড়লাম:

| | |
|---|---|
| Database of tourism services | • allowed businesses to **1** ________ information regularly (= সক্ষম করেছিলো ব্যবসাগুলোকে **1** _____ তথ্য নিয়মিতভাবে।) |

## Step - 8

বামের কলামের Database of tourism services শব্দ দ্রুত খুঁজে 2nd para-র 3rd line-এ পেলাম: *database of tourism services*।

সেখান থেকে মন দিয়ে পড়ে **8** লাইন পরে পেলাম:

**Q**

In addition, because participating (= অংশগ্রহণকারী) businesses were able to update the details (*which*) they gave on a regular basis, the information provided remained accurate.

***which was***

তার মানে, (= যেহেতু অংশগ্রহণকারী *tourism business*-গুলো database ব্যবহার করে তাদের তথ্যগুলো নিয়মিত update করতে পারতো, সরবরাহকৃত information-গুলো accurate থাকতো।)

∴ Question **1**-এর উত্তর: ***update***।

**Q বাক্যের সারাংশ বাক্য**

The information remained accurate.

**কোন্ info ?**

which was provided
= (উহ্য ) provided.

**পাওয়া গেলো**

The information provided remained accurate.
= (দেয়া তথ্য থাকতো সঠিক)

Recent Bazar